

## 💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৮৮০

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫. আবু মাহযুরা (রাঃ)-এর আযান এবং এ সম্পর্কে বিভিন্নরূপ রিওয়ায়াত

بَابٌ : فِي ذِكْرِ أَذَانِ أَبِي مَحْذُورَةَ ، وَاخْتِلَافِ الرِّوَايَاتِ فِيهِ

আরবী

نَا أَبُو بَكْرِ النَّيْسَابُورِيُّ ، نَا أَبُو الْأَزْهَرِ ، ثَنَا عَبْدُ الرَّزَّاقِ ، أَخْبَرَنَا ابْنُ جُرَيْج ، ثَنَا عُثْمَانُ بْنُ السَّائِبِ \_ مَوْلًى لَهُمْ \_ عَنْ أَبِيهِ السَّائِبِ ، وَعَنْ أُمّ عَبْدِ الْمَلِكِ بْنِ أَبِي مَحْذُورَةَ ؛ أَنَّهُمَا سَمِعَاهُ مِنْ أَبِي مَحْذُورَةَ ، قَالَا : قَالَ أَبُو مَحْذُورَةَ : خَرَجْتُ فِي عَشْرَةِ فِتْيَانِ مَعَ النَّبِيِّ \_ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ إِلَى حُنَيْنِ ، وَهُوَ أَبْغَضُ النَّاسِ إِلَيْنَا ، فَقُمْنَا نُؤَذَّنُ نَسْتَهْزِئُ بِهِمْ! فَقَالَ النَّبِيُّ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ : " الْتُونِي بِهَوُّلَاءِ الْفِتْيَانِ " . ، فَقَالَ : " أَذَّنُوا " . فَأَذَّنُوا ، فَكُنْتُ آخِرَهُمْ ، فَقَالَ النَّبِيُّ \_ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ : " نَعَمْ ، هَذَا الَّذي سَمِعْتُ صَوْتَهُ ، اذْهَبْ فَأَذَّنْ لِأَهْل مَكَّةَ ، وَقُلْ لِعَتَّاب بْنِ أُسِيد أُمَرَنِي رَسُولُ اللَّهِ \_ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ أَنْ أُؤَذَّنَ لِأَهْل مَكَّةَ " . وَمَسَحَ عَلَى نَاصِيَتِي ، وَقَالَ : " قُل اللَّهُ أَكْبَرُ ، اللَّهُ أَكْبَرُ ، اللَّهُ أَكْبَرُ ، اللَّهُ أَكْبَرُ ، أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ ، أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ ، أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ ، أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ مَرَّتَيْنِ ، ثُمَّ ارْجِعْ فَاشْهَدْ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ مَرَّتَيْن ، أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ مَرَّتَيْن ، حَيَّ عَلَى الصَّلَاةِ مَرَّتَيْن ، حَيَّ عَلَى الْفَلَاحِ مَرَّتَيْن ، اللَّهُ أَكْبَرُ ، اللَّهُ أَكْبَرُ ، لَا إِلَهَ إِلَّا اللَّهُ ، فَإِذَا أَذَّنْتَ بِالْأُولَى مِنَ الصُّبْحِ فَقُل الصَّلَاةُ خَيْرٌ مِنَ النَّوْمِ مَرَّتَيْنِ ، وَإِذَا أَقَمْتَ فَقُلْهَا مَرَّتَيْنِ ، قَدْ قَامَت الصَّلَاةُ ، قَدْ قَامَت الصَّلَاةُ ، انْبَعِثْ " . قَالَ : فَكَانَ أَبُو مَحْذُورَةَ لَا يَجُزُّ نَاصِيَتَهُ وَلَا يَفْرُقُهَا ؛ لِأَنَّ رَسُولَ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ مَسَحَ عَلَيْهَا

বাংলা

৮৮০(৪)। আবু বাকর আন-নায়সাপুরী ... উসমান ইবনুস সায়েব (রহঃ) তাঁর পিতা এবং উম্মে আবদুল মালেক



ইবনে আবু মাহয়ূরা (রহঃ) সূত্রে বর্ণনা করেন, তারা উভয়ে এই হাদীস আবু মাহয়ূরা (রাঃ) থেকে শ্রবণ করেছেন। তারা উভয়ে বলেন, আবু মাহয়ুরা (রাঃ) বলেছেন, আমরা দশজন যুবক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে হুনাইনের দিকে রওয়ানা হলাম। তখন তিনি (নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ছিলেন আমাদের নিকট সর্বাধিক ঘৃণিত। অতএব আমরা দাঁড়িয়ে তাদের উপহাস করে আযান দিলাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ ঐ যুবকদের আমার কাছে হাযির করো। তিনি বলেনঃ তোমরা আযান দাও। অতএব তারা একে একে আযান দিলো এবং আমি সবশেষে আযান দিলাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ এর কণ্ঠস্বর সুন্দর শুনলাম। তুমি যাও এবং মক্কাবাসীদের জন্য আযান দাও এবং আত্তাব ইবনে উসাইদকে বললা, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে মক্কাবাসীদের জন্য আযান দেয়ার নির্দেশ দিয়েছেন। তিনি আমার মাথার সম্মুখভাগ মসেহ করলেন এবং বললেনঃ তুমি বলো,

আল্লাহু আকবার আল্লাহু আকবার আল্লাহু আকবার আল্লাহু আকবার। আশহাদু আল-লা ইলাহা ইল্লাল্লাহ আশহাদু আল-লা ইলাহা ইল্লাল্লাহ দুইবার। আশহাদু আল্লা মুহাম্মাদার রাসূলুল্লাহ দুইবার করে বলবে। অতঃপর পুনরায় বলবেঃ আশহাদু আল-লা ইলাহা ইল্লাল্লাহ দুইবার। আশহাদু আল্লা মুহাম্মাদার রাসূলুল্লাহ দুইবার। হায়্যা আলাস সালাহ দুইবার, হায়্যা আলাল ফালাহ দুইবার, আল্লাহু আকবার আল্লাহু আকবার, লা ইলাহা ইল্লাল্লাহ। আর তুমি ফজরের আযান দিলে দুইবার বলবে, আস-সালাতু খাইরুম মিনান নাওম। আর যখন তুমি ইকামত দিবে তখন দুইবার বলবে, কাদ কামাতিস সালাহ। তুমি কি শুনলে? রাবী বলেন, আবু মাহযুরা (রাঃ) তার মাথার সম্মুখভাগের চুল কাটতেন না এবং সিঁথিও বের করতেন না। কারণ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাতে হাত বুলিয়েছিলেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ উসমান ইবনুস সায়েব (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন